

নিবেদন

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে স্নাতকোত্তর পড়বার সময় উপন্যাস ও ছোটগল্প বিশেষ পত্র হিশেবে পড়বার সুযোগ পেয়েছি। ফলে উপন্যাস ও ছোটগল্পের প্রতি আমার অনুরাগ উত্তরোত্তর বৃদ্ধি পায়। পরবর্তীকালে তাই আমি শ্রদ্ধেয় অধ্যাপক (ড.) অক্ষুশ ভট্ট মহাশয়কে তত্ত্বাবধায়ক হিশেবে বেছে নিই। অধ্যাপক ভট্ট মহাশয়ের সান্নিধ্য, সহযোগিতা ও পরামর্শক্রমে “শরদিন্দুর ইতিহাসাশ্রিত কথাসাহিত্যে ইতিহাসের পুনর্নির্মাণ ও প্রকরণ বিন্যাস” শিরোনামে পিএইচ. ডি. ডিগ্রীর জন্য গবেষণা অভিসন্দর্ভ তৈরি করি। এই গবেষণা অভিসন্দর্ভ তৈরিতে উৎসাহ ও অনুপ্রাণিত করেছেন বিভাগীয় অধ্যাপিকা (ড.) মঞ্জুলা বেরা, বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়। অধ্যাপক (ড.) সুবোধকুমার যশ, (অবসৃত অধ্যাপক), বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, অধ্যাপক (ড.) নিখিলেশ রায়, বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, অধ্যাপক (ড.) মীর রেজাউল করিম, বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় (বর্তমান কর্মক্ষেত্র আলিয়া বিশ্ববিদ্যালয়), অধ্যাপক (ড.) দীপককুমার রায়, বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় (বর্তমান কর্মক্ষেত্র রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়), অধ্যাপক (ড.) উৎপল কুমার মণ্ডল মহাশয়, বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় ও ড. তপনকুমার মণ্ডল, বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় (বর্তমান কর্মক্ষেত্র ডায়মণ্ড হার্বার মহিলা বিশ্ববিদ্যালয়) প্রমুখ। পাশাপাশি আমার বিভাগের পিএইচ. ডি. গবেষণারত ও ডিগ্রী লাভকারী সহপাঠী গবেষক ভাই, বন্ধু, বিভাগীয় অফিসকর্মী এবং মুদ্রণকার শ্রীবুবুনকুমার বর্মণের সহযোগিতার কথা অনস্বীকার্য।

তারিখ : ২০.০৯.২০১৭ (ইং.)

সাবলু বর্মণ

বাংলা বিভাগ

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়